

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন কার্যনির্বাহী কমিটি
সভা নম্বর: ০৩/২০২৩, তারিখ: ৩০/০৬/ ২০২৩, শুক্রবার, বিকাল ০৫:০০ ঘটিকা
স্থান: বিদ্যালয় প্রাঙ্গণ

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সন্মানিত সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহ-সভাপতি ও পাকশী ইউনিয়ন পরিষদের সুযোগ্য চেয়ারম্যান জনাব মো. সাইফুজ্জামান পিন্টু এর সভাপতিত্বে গত ৩০ জুন ২০২৩ তারিখে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সন্মানিত সভাপতি জনাব আমিন-উল আহসান কামালের সাময়িক অনুপস্থিতির বিষয়টি সকল সদস্যকে অবহিত করেন। অতঃপর তিনি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. মো. আব্দুর রাজ্জাককে এজেন্ডা অনুযায়ী সভাটি পরিচালনার দায়িত্ব দেন।

এজেন্ডা:

- ১। ২য় মিটিং এর সিদ্ধান্ত সমূহ পর্যালোচনা ও অনুসমর্থন
- ২। কার্য নির্বাহী কমিটির সকল সদস্যদের সদস্যপদ নবায়ন
- ৩। ছাত্রবৃত্তি প্রদানের জন্য পরিকল্পনা গ্রহণ
- ৪। ক্যারিয়ার বিষয়ক সেমিনার আয়োজন
- ৫। স্কুল প্রাঙ্গনে চক্ষু শিবির আয়োজন
- ৬। বিবিধ

উপরোক্ত এজেন্ডার আলোকে সভায় উপস্থিত সন্মানিত সদস্য বৃন্দ বিস্তারিত আলোচনায় অংশ গ্রহণ করেন এবং তাঁদের সকলের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

আলোচ্যসূচি	সিদ্ধান্ত সমূহ
১। ২য় মিটিং এর সিদ্ধান্ত সমূহ পর্যালোচনা ও অনুসমর্থন	কার্যনির্বাহী কমিটির দ্বিতীয় সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ কোন পরিবর্তন ছাড়াই অনুসমর্থন করা হয়। (ক) ত্রি-বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন কমিটির সন্মানিত আহবায়ক জনাব আলী আশরাফুজ্জামান বাপ্পী কে আগামী ১০ জুলাই ২০২৩ এর মধ্যে আলোচিত দিক নির্দেশনা অনুযায়ী প্রথম ড্রাফ্ট শেয়ার করার জন্য অনুরোধ করা হয়। একই সাথে কমিটির সাথে সংশ্লিষ্ট সকল সদস্যদেরকে তাঁদের নিজ নিজ সেকশনের কর্মপরিকল্পনা আহবায়ক মহোদয়ের কাছে জমা প্রদানের অনুরোধ করা হয়। (খ) সাহিত্য ও প্রকাশনা সম্পাদক জনাব আবুল বাশার নান্নু কে আগামী ১০ জুলাই ২০২৩ এর মধ্যে সোস্যাল মিডিয়া ও ওয়েবসাইটে তথ্য, প্রচার ও প্রকাশের নীতিমালা চূড়ান্ত কপি শেয়ার করার জন্য অনুরোধ করা হয়।
২। কার্য নির্বাহী কমিটির সকল সদস্যদের সদস্যপদ নবায়ন	(ক) বিস্তারিত আলোচনা শেষে কার্য নির্বাহী কমিটির সকল সদস্যদের আগামী ১০/০৭/২০২৩ তারিখের মধ্যে সদস্যপদ নবায়ন করার জন্য বিনীত অনুরোধ জানানো হয়। এ বিষয়ে কার্য নির্বাহী কমিটির সন্মানিত ট্রেজারারকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
৩। ছাত্রবৃত্তি প্রদানের জন্য পরিকল্পনা গ্রহণ	(ক) অত্র বিদ্যালয়ের ৫ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ছাত্র বৃত্তি প্রদানে একটি কমিটি গঠন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হলো। কোন কোন ক্রাইটেরিয়ার ভিত্তিতে ছাত্র বৃত্তি প্রদান করা হবে, তা উক্ত কমিটি আলোচনা সাপেক্ষে সবাইকে অবহিত করবে। বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অন্তত দুইজন সদস্যের সমন্বয়ে বৃত্তি প্রদান সংক্রান্ত কমিটি গঠনের ব্যাপারে জনাব মো: রবিউল ইসলাম (সহকারী শিক্ষক) কে প্রধান শিক্ষকের সাথে আলোচনার জন্য অনুরোধ করা হয়। কমিটি অন্তত দশজন ছাত্রের নাম প্রস্তাব করতে পারে যে নাম থেকে চূড়ান্ত ৬ জনের নাম কার্য নির্বাহী কমিটি মাসিক সভায় নির্বাচন করা হবে। (খ) প্রাক্তন শিক্ষার্থীরা যারা অধ্যয়নরত আছে তাদের শিক্ষা সহায়তার জন্য একটি আবেদন ফরম তৈরী করে ওয়েব সাইটে আপলোড করার বিষয়ে আরো অধিকতর আলোচনা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপরোক্ত কমিটির সদস্যদের এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
৪। ক্যারিয়ার বিষয়ক সেমিনার আয়োজন	ক্যারিয়ার বিষয়ক সেমিনার আয়োজনের বিষয়ে সাংগঠনিক সম্পাদক, মিত্রা মোঃ মাহফুজুর রহমান (মাহফুজ) কে দায়িত্ব প্রদান করা হয়। জুলাই-২০২৩ এর মধ্যে একটি ভেন্যু নির্বাচন করে এ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ গ্রহণে সকলে একমত পোষণ করেন।
৫। স্কুল প্রাঙ্গনে চক্ষু শিবির আয়োজন	যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আজিম উল আহসান (তমাল) এর সহযোগিতায় বিদ্যালয় প্রাঙ্গণে আগস্ট-২০২৩ এর মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। সাংস্কৃতিক সম্পাদক জনাব মোঃ মাসুদ রানা ও প্রচার সম্পাদক জনাব মোঃ জামাল উদ্দিন সুজনকে এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য দায়িত্ব প্রদান করা হয়।

৬। বিবিধ	অন্য কোন আলোচনার বিষয় উত্থাপিত না হওয়ায় প্রথমে সাধারণ সম্পাদক ও সবশেষে আজকের সভার সন্মানিত সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার কার্যসূচি সমাপ্ত করেন।
----------	---

প্রস্তুত করণ ও নিরিক্ষণে



ড. মো. আব্দুর রাজ্জাক
সাধারণসম্পাদক

অনুমোদনক্রমে,



মো. সাইফুজ্জামান পিন্টু
সিনিয়র সহ-সভাপতি